

স্মারক নম্বর-৪৬.০৩.২৬০০.০০৫.০৭.০৪৮.১৩-১৬৩০

তারিখঃ ৩১/১২/২০২৪ খ্রি।

ঠিকাদারী লাইসেন্স নবায়ন/ তালিকাভুক্তির বিজ্ঞপ্তি (২য় পর্যায়)

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার ঢাকা এর স্মারক নম্বর —৩২১২, তারিখ-২২/১২/২০২৪ খ্রি. মাধ্যমে ঠিকাদারী লাইসেন্স নবায়ন/তালিকাভুক্তির জন্য ৩১/০৩/২০২৫ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়। সে প্রেক্ষিতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা সার্কেল কর্তৃক ঠিকাদারী লাইসেন্স নবায়ন/তালিকাভুক্তির আবেদন অনলাইনে নিয়ে বর্ণিত শর্তানুযায়ী দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

১. অনলাইনে (enlistmentdhakacircle.dphe.online) প্রকাশিত আবেদন ফরম যথাযথ ভাবে পূরণপূর্বক ফরমে বর্ণিত সকল তথ্য ও রেকর্ডপত্র আগামী ০১/০১/২০২৫ তারিখ হতে ১৬/০৩/২০২৫ তারিখ, বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অনলাইনে দাখিল করতে হবে।

২. ঠিকাদারী লাইসেন্স নবায়ন/তালিকাভুক্তির জন্য আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বিভাগের (প্রাতিষ্ঠানিক কোড নম্বর-১৩৭০৪০৩১২০৫৯০) অনুকূলে প্রতি ক্যাটাগরির জন্য অফেরতযোগ্য নতুন তালিকাভুক্তি ফি বাবদ ৫০০০/- (পাঁচ হাজার) টাকা অর্থনৈতিক কোড নম্বর- ১৪২২২০২ এ, নবায়নের ক্ষেত্রে নবায়ন ফি বাবদ ২০০০/- (দুই হাজার) টাকা অর্থনৈতিক কোড নম্বর- ১৪২২৩৩৫ এ এবং তালিকাভুক্তি/ নবায়ন ফি এর ১৫% টাকা ভ্যাট ফি বাবদ নতুন তালিকাভুক্তির জন্য ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা, নবায়নের জন্য ৩০০/- (তিনশত) টাকা অর্থনৈতিক কোড নম্বর ১১৪১১০১ এ “এ চালান” এর মাধ্যমে জমা প্রদান করতঃ মূল কপি অনলাইনে আপলোড ও এক কপি অফিসে দাখিল করতে হবে।

৩. নতুন তালিকাভুক্তি/ নবায়ন ঠিকাদারী প্রতিষ্ঠানের ব্যাংকের নাম, ঠিকানা ও হিসাব নম্বর উল্লেখপূর্বক ব্যাংক স্টেটমেন্ট অনলাইনে আপলোড করতে হবে। বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আবেদনপত্র দাখিলের তারিখ পর্যন্ত ন্যূনতম স্থিতির পরিমাণ প্রতি ক্যাটাগরির ক্ষেত্রে টাকা ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) মাত্র। ব্যাংক স্থিতির পরিমাণ সামষ্টিক ভাবে গণনা করা হবে।

৪. নতুন ঠিকাদারী তালিকাভুক্তি ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে এফিডেভিট ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ সম্পাদিত হতে হবে এবং লিমিটেড কোম্পানির ক্ষেত্রে (MoU) রেজিস্টার্ড অনলাইনে আপলোড করতে হবে। ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ সম্পাদিত এফিডেভিট এর মূল কপি অফিসে দাখিল করতে হবে। কোন ফটোকপি গ্রহণযোগ্য হবে না।

৫. আবেদনকারী আবেদন ফরম সঠিকভাবে অনলাইনে পূরণকরতঃ উহার এক সেট প্রিন্ট কপি তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা সার্কেল, ঢাকা অফিসে সরাসরি অথবা কুরিয়ার বা ডাকযোগে আবেদন জমা দিতে হবে। আবেদন পত্রসহ অন্যান্য আনুষাংগিক কাগজপত্র অবশ্যই (Closing time) এর পূর্বে উল্লেখিত অফিস ঠিকানায় পৌঁছতে হবে।

৬. সকল ক্যাটাগরি (নতুন তালিকাভুক্তি/ নবায়ন ঠিকাদারী প্রতিষ্ঠান) লাইসেন্স এর বেলায় অফিসে এক সেট প্রিন্ট কপি জমা দেওয়ার ক্ষেত্রে নিয়োক্ত কাগজপত্র দাখিল করতে হবে।

ক) নবায়নকৃত ড্রেড লাইসেন্স এর (২০২৪-২০২৫) কপি।

খ) ঠিকাদারী প্রতিষ্ঠানের হালনাগাদ e-TIN Certificate এর পাশাপাশি (২০২৩-২০২৪) আয়কর রিটার্নের প্রাপ্তি স্বীকারপত্র (acknowledgment slip) কপি।

গ) BIN/VAT Certificate এর কপি।

ঘ) “এ চালান” এ জমাকৃত ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন বাবদ ফি এবং তালিকাভুক্তি/নবায়ন বাবদ ভ্যাট ফি এর মূল কপি।

৭) অত্র কার্যালয় হতে ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য যে সকল ঠিকাদারী প্রতিষ্ঠান ইতিমধ্যে নতুন তালিকাভুক্তি/ নবায়ন এর সনদপত্র পেয়েছেন, তাদের আর আবেদন করার প্রয়োজন নাই।


(মোহাম্মদ রওশন আলম) ২০২৪
তত্ত্বাবধায়ক প্রকৌশলী

স্মারক নম্বর-৪৬.০৩.২৬০০.০০৫.০৭.০৪৮.১৩-১৬৩০/১(২৪)

তারিখঃ ৩১/১২/২০২৪ খ্রি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী(পূর্ভ/ পরিকল্পনা/ পানি সম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,সার্কেল।
- ৪। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বিভাগ/ জেলা।
- ✓ ৫। প্রোগ্রামার, এমআইএস ইউনিট, পরিকল্পনা সার্কেল, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরীয় ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)
- ৬। অফিস নথি

↓ ৩১/১২/২০২৪
(মোহাম্মদ রওশন আলম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী